# আনন্দলোক

#askindranil

## প্রশ্ন করুন সহজে উত্তর পান সহজে

**প্রশ্নঃ আমার বয়স ৩৩ বছর। আই টি সেক্টরে চাকরি করি। ২ বছর নিজেরা চেষ্টা করেও মা হতে পারিনি। ডাক্তার দেখানো হয়েছে, কিন্তু কাজের কাজ কিছু হয়নি। আমার প্রশ্ন, আমাদের কি সময় নষ্ট না করে এখনই আইভিএফ করা উচিত?**

এস রায়, লেক গার্ডেন্স

**উত্তরঃ** এটা একেবারেই ভুল ধারণা, বন্ধ্যাত্বের সমস্যা থাকলেই আইভিএফ করতে হবে। স্বামী ও স্ত্রীর সাধারণ স্বাস্থ্য সহ সামান্য কিছু পরীক্ষা ও ছোটোখাটো চিকিৎসায় বেশিরভাগ সময়েই এই সমস্যার সমাধান সম্ভব। অনেক সময় দরকার মতো ওষুধ, ল্যাপারোস্কোপি বা IUI পদ্ধতিও প্রয়োগ করা যায়। আর এসব পদ্ধতিতে কোনো কাজ না হলে তখনই আইভিএফের কথা ভাবা হয়। এও মাথায় রাখতে হবে আইভিএফ করা মানেই মা হওয়া নয়। এর সাফল্যের হার ৩০-৪০%। কাজেই আপনি কোনো ইনফার্টিলিটি স্পেশালিস্টের সঙ্গে যোগাযোগ করুন।

**প্রশ্নঃ বিয়ের পর আমরা দুজনেই নিজেদের কেরিয়ার নিয়ে এত ব্যস্ত ছিলাম যে সন্তান নিয়ে ভাবনাচিন্তার অবসর ছিল না। পরে চেষ্টা করেও আমরা বাবা-মা হতে পারিনি। যদিও আমাদের স্বামী-স্ত্রীর মধ্যে এ নিয়ে কোনো সমস্যা নেই। কিন্তু আত্মীয়স্বজন, পাড়াপড়শিরা অযাচিত উপদেশ দিলে ও অকারণ সহানভূতি দেখালে মন খুব খারাপ হয়ে যায়। এখন আমার বয়স ৪২ বছর। কী করণীয় জানালে উপকার হয়।**

শ্রেয়া নাথ, যাদবপুর।

দেখুন, লোকে কী বলল না বলল, তাতে কান দেবেন না। অন্যদের বলা কথা আপনি নিয়ন্ত্রণ করতে পারবেন না ঠিকই তবে কোন কথায় গুরুত্ব দেবেন তা নিজেকেই ঠিক করতে হবে। কারণ আপনার ভালো থাকা আপনার ও পরিবারের জন্য খুব জরুরি। কাজেই নিজে যাতে ভালো থাকবেন সেই ব্যবস্থা নিন। এছাড়াও জানবেন, বেশি বয়সে অনেকেই ডোনার এগের সাহায্যে মা হন। আর আপনি দত্তক নেওয়ার কথাও ভাবতে পারেন। অথবা আপনারা স্বামী- স্ত্রী দুজনে মিলে খুব সুন্দরভাবে বাকি জীবন কাটাতে পারেন। সন্তান পালন করা ছাড়াও আমরা সমাজকে অনেক কিছু দিতে পারি। সব সময় পজিটিভ চিন্তা করুন। আর খুব বেশি মানসিক সমস্যা হচ্ছে বুঝতে পারলে কোনো মনোবিদের সাহায্য নিন।

**প্রশ্নঃ আমার এক আত্মীয়র নিজেদের বাচ্চা হওয়ার কোনো আশাই নেই। আমার প্রশ্ন, সারোগেসির জন্য কী করণীয়?**

এস দে, কলকাতা-৯১

সারোগেসি নিয়ন্ত্রণ বিল, ২০১৬ অনুযায়ী আইনত ৫ বছর বিয়ে হয়েছে, এমন সন্তানহীন দম্পতি সারোগেসির সাহায্য নিতে পারবেন। সে ক্ষেত্রে সারোগেট মাকে ভারতীয় এবং দম্পতির নিকট আত্মীয় হতে হবে। তাকে বিবাহিত হতে হবে ও নিজের অন্তত একটি সন্তান থাকতে হবে। আর জীবনে একবারই এভাবে মা হতে পারবেন। দম্পতির নিকট কোনো আত্মীয় রাজি না হলে দত্তক নেওয়াই একমাত্র উপায়। আর সন্তান প্রসবের ক্ষেত্রে যে খরচা হয়, তার থেকে কোনোভাবেই বেশি টাকা দেওয়া যাবে না সারোগেট মাকে। কাজেই সব দিক ভাবনা চিন্তা করেই এগোতে হবে।

বন্ধ্যাত্ব ও স্ত্রীরোগ (গাইনোকোলোজি) বিষয়ক প্রশ্ন করুন, উত্তর দেবেন বন্ধ্যাত্ব ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ

**ডঃ ইন্দ্রনীল সাহা**

**facebook.com/sohojivf**

ইমেল করুন

**askindranil@indranilivf.in**